গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
[কর নীতি শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৮.১৫.

তারিখঃ ০৬ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** অনুমিত আয়কর পরিশোধিত যানবাহন ভাড়ায় নিয়োজিত করলে প্রাপ্য বিল হতে উৎসে কর কর্তনের প্রযোজ্যতা।
সূত্রঃ সিটিজেন এন্টারপ্রাইজ লিমিটেড এর পত্র নং-শূন্য, তারিখঃ ০৮/১১/২০১৫ খ্রিস্টাব্দ।

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অনুমিত আয়কর পরিশোধিত যানবাহন ভাড়ায় নিয়োজিত করলে প্রাপ্য বিল হতে উৎসে আয়কর কর্তন করতে হবে কিনা এ বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের মতামত চাওয়া হয়েছে। বিষয়টি পরীক্ষান্তে করনীতি শাখা মতামত প্রদান করছে যে, পরিবহন ঠিকাদার কর্তৃক টেন্ডারে অংশগ্রহণের মাধ্যমে বাস/কোস্টার/মিনিবাস ভাড়ায় নিয়োগ করার প্রক্রিয়াটি একটি execution of contract। এরূপ ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক সেবামূল্য পরিশোধকালে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52 এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি 16 এ বর্ণিত হারে উৎসে কর কর্তনের বিধান রয়েছে।

০৩। অপরদিকে, এস,আর,ও নং ১৭১-আইন/২০০৯, তারিখঃ ৩০/০৬/২০০৯, এস,আর,ও নং ২৬৭-আইন/আয়কর/২০১০, তারিখ ০১/০৭/২০১০, এস,আর,ও নং ২২৩-আইন/আয়কর/২০১১, তারিখ ০৪/০৭/২০১১ এবং এস,আর,ও নং ২২২-আইন/আয়কর/২০১২, তারিখ ২৭/০৬/২০১২ অনুযায়ী ভাড়ায় চালিত বাস, মিনিবাস, কোস্টার ইত্যাদির ক্ষেত্রে এসব পরিবহন রেজিষ্ট্রেশন বা নবায়নের পূর্বে নির্ধারিত হারে কর পরিশোধের বিধান করা হয়েছে, যা এ খাতের অনুমিত আয়ের চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত।

০৪। যানবাহনের মালিক নিজেই পরিবহন ঠিকাদার হিসেবে অনুচ্ছেদ ০৩ এ বর্ণিত এস,আর,ও এর আওতায় অনুমিত কর পরিশোধিত নিজের কোন যানবাহন ভাড়ায় পরিবহন কাজে নিয়োজিত করলে পরিবহন ঠিকাদার হিসেবে তার প্রাপ্ত বিল হতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52 ও বিধি 16 অনুযায়ী আয়কর কর্তন করতে হবে না। তবে পরিবহন ঠিকাদারের নিজস্ব মালিকানা ব্যতীত যে গাড়িগুলি ভাড়ায় পরিবহন কাজে নিয়োজিত হবে সে গাড়িগুলির ক্ষেত্রে আয়কর অধ্যাদেশের ধারা 52 ও বিধি 16 অনুযায়ী উৎস কর প্রযোজ্য হবে।

স্বাঃ ১৮/০২/১৬
মোঃ জসীমুদ্দিন আহম্মেদ
দ্বিতীয় সচিব (কর আইন-১)

প্রাপকঃ

ব্যবস্থাপনা পরিচালক
সিটিজেন এন্টারপ্রাইজ
৩৩, কারওয়ান বাজার বাণিজ্যিক এলাকা
তেজগাঁও, ঢাকা-১২১৫।

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৮.১৫/২৯১(৪০)

তারিখঃ ০৬ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ

১। কর কমিশনার, (সকল)।
২। কর কমিশনার (আপীল), (সকল)।
৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েব সাইটে আপ লোডের জন্য)।

১৮/০২/১৬
মোঃ জসীমুদ্দিন আহম্মেদ
দ্বিতীয় সচিব (কর আইন-১)